# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
# Palli Daridro Bimochon Foundation (PDBF)

নিউজ লেটার | সংখ্যা-১৮ | সেপ্টেম্বর, ২০১৯


## পিডিবিএফ এর ভারপ্রাপ্ত এমডি হিসাবে কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম-এর যোগদান



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক হিসাবে কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম যোগদান করেছেন। পিডিবিএফ এর বোর্ড অব গভর্নর্স কর্তৃক তাঁকে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক হিসাবে নিয়োগ প্রদান করা হয়।

গত ০৫ আগষ্ট, ২০১৯ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড অব গভর্নর্স এর একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ এর ১১(৫) ধারা মোতাবেক অতিরিক্ত পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম-কে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

জনাব মোঃ আমিনুল ইসলাম তাঁর সুদীর্ঘ কর্মজীবনে পরিচালক, মাঠ পরিচালন, প্রকল্প পরিচালকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বি,এস,সি,এজি (অনার্স) সহ স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি হতে এমবিএ ডিগ্রী লাভ করেন।

এছাড়াও, তিনি সরকারি সফরে জার্মানী, ফ্রান্স, সুইজারল্যান্ড, বেলজিয়াম, নেদারল্যান্ড, মালয়েশিয়া, সিঙ্গাপুরসহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনার বর্তমান গণতান্ত্রিক সরকারের টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়নে সরকারের অন্যান্য সংস্থার পাশাপাশি পিডিবিএফ এর মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সক্রিয় ভূমিকা রাখতে অঙ্গীকারবদ্ধ।

## পিডিবিএফ এর বোর্ড সভা অনুষ্ঠিত

বিগত ২৯ আগস্ট, ২০১৯ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর সর্বোচ্চ নীতি নির্ধারণী কর্তৃপক্ষ বোর্ড অব গভর্নর্স-এর ৭৬তম সভা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং চেয়ারপার্সন, পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার। সভায় বোর্ডের সদস্য সচিব কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম ও



*জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং চেয়ারপার্সন পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স এর সভাপতিত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে পিডিবিএফ এর ৭৫ তম বোর্ড সভা অনুষ্ঠিত।*

বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। পিডিবিএফ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক এবং বোর্ডের সদস্য সচিব কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম প্রতিষ্ঠানের বর্তমান পরিবর্তিত পরিস্থিতি ও পরবর্তী করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

## পিডিবিএফ'কে ঢেলে সাজানো হবে

"স্বমহিমায় শক্ত ভিত্তির উপর দাঁড় করানোর জন্য পিডিবিএফ'কে ঢেলে সাজানো হবে"- পিডিবিএফ এর কর্মকর্তা-কর্মচারীদের সম্মেলনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এ কথা বলেন।

বিগত ৩১ আগষ্ট, ২০১৯ তারিখ কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকাতে পিডিবিএফ এর কর্মকর্তা-কর্মচারীগণের সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে সারা দেশ থেকে পিডিবিএফ এর বিপুল সংখ্যক কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং




*জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং চেয়ারপার্সন পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স পিডিবিএফ এর কর্মকর্তা-কর্মচারীগণের সম্মেলনে বক্তব্য রাখছেন।*

চেয়ারপার্সন, পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। উক্ত সম্মেলনে সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম।



*কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি), খামারবাড়ী, ফার্মগেটে উপস্থিত পিডিবিএফ-এর কর্মকর্তা-কর্মচারীগণ।*

সম্মেলনে প্রধান অতিথি জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার বক্তব্যের শুরুতে শোকাবহ আগস্ট মাসে জাতির পিতা বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন-বঙ্গবন্ধুর ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের উদ্দেশ্যে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশের দরিদ্র মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও নারী পুরুষের সমতা বিধানের মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে ১৯৯৯ সনে জাতীয় সংসদে আইনের মাধ্যমে পিডিবিএফ প্রতিষ্ঠা করেন; প্রতিষ্ঠালগ্ন থেকে পিডিবিএফ এর সহকর্মীগণ দরিদ্র অসহায় মানুষের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের উদ্দেশ্যে নিরলস পরিশ্রম করে দেশের উন্নয়নে অবদান রেখে চলেছে; কিন্তু বিগত ব্যবস্থাপনার আর্থিক দুর্নীতি, প্রশাসনিক বিশৃঙ্খলা অব্যবস্থাপনা ও নিয়ম বহির্ভূতভাবে পদোন্নতিসহ বিভিন্ন অনিয়মের কারণে পিডিবিএফ এর অগ্রগতি হুমকির সম্মুখীন হয়। পিডিবিএফ'কে তার স্বমহিমায় শক্ত ভিত্তির উপর দাঁড় করানোর জন্য তিনি পিডিবিএফ'কে ঢেলে সাজানোর উদ্যোগ গ্রহণের কথা ব্যক্ত করেন।

তিনি বলেন, পিডিবিএফ একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দেশের উন্নয়নে সরকারের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পিডিবিএফ'কে আরও শক্তিশালী করার জন্য প্রত্যেক জেলা, উপজেলায় এর কার্যক্রম সম্প্রসারণ, ঋণের সার্ভিস চার্জ সিঙ্গেল ডিজিটে আনয়ন, পিডিবিএফ এর নিজস্ব ভবন নির্মাণ, বিভিন্ন প্রকল্প বাস্তবায়নসহ প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

বিশেষ অতিথি জনাব মোঃ আফজাল হোসেন বলেন বিগত আড়াই বছরে সকল ক্ষেত্রে মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করে অসহযোগিতা করা হয়েছে, যার জন্য মন্ত্রণালয় পিডিবিএফ এর সাথে কোন কাজ করতে পারেনি। তিনি নতুন ব্যবস্থাপনা পরিচালক এর সাথে একাত্ম হয়ে কাজ করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন এবং পিডিবিএফ'কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য মন্ত্রণালয় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

পিডিবিএফ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু ও তাঁর পরিবার, জাতীয় চার নেতা এবং মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বলেন, মাননীয় সচিব মহোদয় পিডিবিএফ এর কর্ণধার। তিনি এমন এক মুহূর্তে দায়িত্ব নিয়েছেন যখন পিডিবিএফ এর সংকটজনক অবস্থা বিরাজ করছিলো। গত ০৫.০৮.১৯ তারিখ পিডিবিএফ এর বিভিন্ন অনিয়ম, দুর্নীতি এবং নানাবিধ সমস্যার মধ্যে তাঁকে দায়িত্ব নিতে হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পিডিবিএফ এর সকল অনিয়ম ও দুর্নীতি সমূলে উৎপাটন করে প্রতিষ্ঠানকে একটি কর্মী বান্ধব ও সুদৃঢ় আর্থিক প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন। তিনি সকল ক্ষেত্রে প্রতিষ্ঠানের শৃঙ্খলা ফিরিয়ে এনে দরিদ্র মানুষের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নে কাজ করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব মোঃ সোলায়মান, ভারপ্রাপ্ত পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন এবং অর্থ, পিডিবিএফ প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রতিনিধিগণ।

## জাতির পিতার ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উদযাপন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন করে। এ উপলক্ষ্যে সকাল ৭.০০ ঘটিকায় ধানমন্ডি-৩২ নং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং চেয়ারপার্সন পিডিবিএফ বোর্ড অফ গভর্নর্স জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম ও পিডিবিএফ এর বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে ধানমন্ডী-৩২ নং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।*

পুষ্পস্তবক অর্পণ শেষে প্রধান কার্যালয়ে পবিত্র কোরআন খতম, জাতির পিতাসহ তাঁর পরিবারের নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম। আলোচকগণ শোকাবহ আগস্ট মাসের দুঃসহ স্মৃতিচারণ ও জাতির পিতার বর্ণাঢ্য কর্মময় জীবন নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়তে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে
## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক
# আলোচনা সভা



*জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে জাতির পিতার ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দ।*

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গত ২০ আগস্ট, ২০১৯ তারিখ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা'তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক আলোচনা সভার আয়োজন করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় সচিব, জনাব হেলালুদ্দিন আহমদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। উক্ত আলোচনা সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধান ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের ও অন্যান্য শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন এবং আত্মার শান্তি কামনা করে দোয়া করা হয়। আলোচনার শুরুতে প্রবন্ধ পাঠ করেন জনাব মোঃ সাইফুর রহমান, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। আলোচকবৃন্দ বাংলাদেশে অভ্যুদয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান এবং জাতীয় আন্তর্জাতিক ষড়যন্ত্রের মাধ্যমে ১৫ আগস্ট তাঁকে স্ব-পরিবারে হত্যা করার বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

## সচিব মহোদয়ের সমিতি পরিদর্শন

পিডিবিএফ বর্তমান সরকারের রূপকল্প-২০২১, ডিজিটাল বাংলাদেশ, ২০৪১ সালের মধ্যে ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত উন্নত সোনার বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে। সরকারের টেকসই উন্নয়নের লক্ষ্য বাস্তবায়নে পিডিবিএফ টেকসই দারিদ্র্য বিমোচনে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে।

গত ২৯ জানুয়ারি, ২০১৯ খ্রি. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার পিডিবিএফ এর কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও সুফলভোগী সদস্যদের সাথে মতবিনিময়ের উদ্দেশ্যে রংপুর সদর উপজেলার "সরদার পাড়া মহিলা সমিতি" পরিদর্শন করেন। সমিতি পরির্শনের সময় তিনি সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের চিত্র দেখে সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে তিনি সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সচিব মহোদয় সভায় উপস্থিত সদস্যদের সাথে খোলামেলা আলাপ করেন, তাদের সকল সমস্যা, প্রস্তাবনা ধৈর্য সহকারে শোনেন এবং তাদের উন্নয়নের গতিধারা অব্যাহত রাখতে সকল প্রকার



*পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার কর্তৃক রংপুর সদর উপজেলার "সরদার পাড়া মহিলা সমিতি" পরিদর্শন।*

সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এসময় সচিব মহোদয়ের সফর সঙ্গী হিসেবে অন্যান্যদের মধ্যে পিডিবিএফ ও মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## বার্ষিক কর্মপরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনার জন্য মাঠ পর্যায়ে কর্মপরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত হয়।



গত ২৭ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ রোজ শুক্রবার ফেয়ারওয়ে নেভী অডিটরিয়াম, খালিশপুর, খুলনা-তে মিসেস শামীম আরা স্বপ্না'র সভাপতিত্বে খুলনা, সাতক্ষীরা, মাগুরা ও কুষ্টিয়া অঞ্চলের উপ পরিচালকসহ সকল পর্যায়ের সহকর্মীদের উপস্থিতিতে ''বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়।



গত ২৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ রোজ শনিবার নাসিমুজ্জামান মেহেদী মিলনায়তন, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল-এ জনাব মোঃ মামুনুর রশিদ এর সভাপতিত্বে বরিশাল, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, ঝালকাঠি ও ফরিদপুর অঞ্চলের উপ পরিচালকসহ সকল পর্যায়ের সহকর্মীদের উপস্থিতিতে ''বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ

জনাব মোঃ আমিনুল ইসলাম, ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সোলায়মান, ভারপ্রাপ্ত পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন এবং অর্থ, জনাব মুহিউদ্দিন আহমদ পান্নু, অতিরিক্ত পরিচালক, মানব সম্পদ উন্নয়ন ও যোগাযোগ, ড. মনারুল ইসলাম, যুগ্ম পরিচালক, নীতি ও পরিকল্পনা, বেগম মনিজা বেগম, যুগ্ম পরিচালক, অডিট, জনাব মোঃ রাশিদুজ্জামান, যুগ্ম পরিচালক, মাঠ পরিচালন, জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্ম পরিচালক, মাঠ পরিচালন, জনাব মোঃ শাহেদুর রহমান খান, যুগ্ম পরিচালক, মাঠ পরিচালন, পিডিবিএফ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## ঋণের টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে, সন্তানদের শিক্ষার দিকে নজর দিতে হবে যাতে সন্তানেরা ভবিষ্যতে সুনাগরিক হিসাবে গড়ে উঠতে পারে-

মাননীয় সংসদ সদস্য জনাব ডাঃ মোঃ রুস্তম আলী ফরাজী




*পিরোজপুর, মঠবাড়িয়া ১০৩ নং আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ডাঃ মোঃ রুস্তম আলী ফরাজী পিডিবিএফ, মঠবাড়ীয়া কার্যালয়ের সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উদ্বোধনী বক্তব্য রাখছেন*

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দারিদ্র্য দূরীকরণ, নারীর ক্ষমতায়ন, নারী পুরুষের সমতা বিধানের লক্ষ্যে সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে কাজ করে যাচ্ছে।

গত ০৮-০৪-১৯ তারিখ সকাল ৯ ঘটিকায় পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলায় পিডিবিএফ এর সুফলভোগী সদস্যদের আইজিএ ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পিরোজপুর, মঠবাড়িয়া ১০৩ নং আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ডাঃ মোঃ রুস্তম আলী ফরাজী ০৩ (তিন) দিন ব্যাপি উক্ত প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করেন। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, ঋণের টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে; স্বাস্থ্য সচেতনতা এবং সন্তানদের শিক্ষার দিকে নজর দিতে হবে যাতে সন্তানেরা ভবিষ্যতে সুনাগরিক হিসাবে গড়ে উঠতে পারে। উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন পিরোজপুর অঞ্চলের উপ পরিচালক জনাব মোঃ গোলাম আজম ও জেলার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## শাহিদা বেগম-এর সফলতার গল্প

বরিশাল জেলায় বাবুগঞ্জ উপজেলার দক্ষিণ বকশির চর গ্রামের বাসিন্দা শাহিদা বেগম। অভাব অনটন ছিল তার দৈনন্দিন সঙ্গী। স্বামী মোঃ মতিন শিকদার একজন দিন মজুর। ৫ সন্তান সহ ৭ সদস্য বিশিষ্ট পরিবার স্বামীর দিন মজুরির টাকায় সংসার চলতো না। অর্থের অভাবে ছেলে মেয়েদের বেশি লেখাপড়া করাতে পারেননি। দারিদ্র্যের সাথে যুদ্ধ করে অতি কষ্টে জীবন যাপন করছিলেন। একদিন তিনি লোক মারফত জানতে পারেন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) গ্রামের দরিদ্র মানুষের দারিদ্র্য দূরীকরণের জন্য কাজ করছে। তখন সে পিডিবিএফ বরিশাল



অঞ্চলের বাবুগঞ্জ কার্যালয়ে যোগাযোগ করেন এবং উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার পরামর্শে তিনি তার গ্রামে কয়েকজন মহিলাকে নিয়ে ১৯৯৪ সালে দক্ষিণ বকশির চর মহিলা সমিতি (কোড-০৪৩) গঠন করেন। কিছুদিন পর সমিতি থেকে ১ম দফায় ৫,০০০/- টাকা ঋণ গ্রহণ করে একটি গাভী ক্রয় করেন। কিছুদিন যেতে না যেতেই গাভী বাচ্চা দেয়। শাহিদা বেগম গাভীর দুধ বিক্রি করে সংসারের খরচ চালান। তার সংসারে কিছুটা সচ্ছলতা আসতে থাকে। সে ২য় দফায় সমিতি থেকে ১০,০০০/- ঋণ গ্রহণ করে আরও ২টি গরু ক্রয় করেন। এভাবে সাহিদা গরুর সংখ্যা বাড়তে থাকে। এর মধ্যে তিনি নিজের জমানো টাকা এবং ঋণ দিয়ে কিছু ছাগল ক্রয় করেন; পুকুর লিজ নিয়ে মাছ চাষ শুরু করেন। কথায় আছে ভাগ্য সাহসীদের সাথেই থাকে। সত্যিই সাহসী শাহিদার



ভাগ্য তাকে সফলতার পথ দেখিয়েছে। বর্তমানে শাহিদা বেগম 'মিলেমিশে দুগ্ধ খামার' নামে একটি খামার দিয়েছেন। এ খামারে ২১ টি গরু, ২২টি ছাগল রয়েছে। এছাড়াও, সে ৩টি পুকুরে মাছ চাষ করেন। এ কাজে তাকে তার স্বামী, ছেলে ও ছেলের বউ সার্বিক সহযোগিতা করে থাকে। শাহিদা বেগম সর্বশেষ ১১তম দফায় ১,০০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেছেন। পিডিবিএফ'এ তার জমাকৃত সঞ্চয় ৪৮,২৪৬/- টাকা। তার বর্তমানের মাসিক আয় প্রায় পঞ্চাশ থেকে ষাট হাজার টাকা। এখন তার কোন অভাব নেই। কঠোর পরিশ্রম, নিষ্ঠা ও সাহস তাকে সফলতা এনে দিয়েছে। তাকে দেখে ঐ গ্রামের অনেকে এখন শাহিদার মত গরু, ছাগল ও মাছ চাষ করে স্বাবলম্বী হচ্ছে। সে গ্রামের অনুকরণীয় একজন নারী।

### সম্পাদনা বোর্ড

প্রধান উপদেষ্টা ঃ কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম
ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

উপদেষ্টা ঃ জনাব মোঃ সোলায়মান
ভারপ্রাপ্ত পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন এবং অর্থ

সম্পাদনা ঃ জনাব মুহিউদ্দিন আহমদ পান্নু
অতিরিক্ত পরিচালক, মানব সম্পদ উন্নয়ন ও যোগাযোগ

সম্পাদনা সহযোগী ঃ জনাব মোঃ জাকির হোসেন
সিনিয়র সহকারী পরিচালক, যোগাযোগ

প্রকাশক ঃ যোগাযোগ শাখা, পিডিবিএফ।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
PDBF
প্রধান কার্যালয়
বাড়ি নং-৫, এভিনিউ-৩, হাজী রোড
রূপনগর বা/এ, মিরপুর-২, ঢাকা-১২১৬
ফোন: ০২-৮০৩২৯৩৬, ফ্যাক্স : ৮০৩১৫৯৭
E-mail : info@pdbf.gov.bd
Website : www.pdbf.gov.bd